১৬৫৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
বাজেট ও অডিট শাখা
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা
নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

# APA কেন্দ্রীয় টিম এর ২০২৪-২৫ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মাদ নূরে আলম সিদ্দিকী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. রবিবার |
| সভার সময় | বেলা ১১.০০টা |
| স্থান | পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর কক্ষ |
| উপস্থিতি | সভার উপস্থিতি তালিকা সংযুক্ত |

বাংলাদেশ বেতার এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ বাস্তবায়নের লক্ষ্যে গত ৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে এপিএ কেন্দ্রীয় টিমের ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক জনাব রোকসানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সদস্যগণের মতামতের ভিত্তিতে এপিএ কেন্দ্রীয় টিম কর্তৃক নিম্নবর্ণিত সুপারিশসমূহ প্রদান করা হয়:

| ক্র.নং | বিষয় | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ২০২৪-২৫ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংশোধন/ পরিমার্জনের প্রস্তাব প্রেরণ | ২০২৪-২৫ অর্থবছরের স্বাক্ষরিত বিদ্যমান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে বাস্তবতার নিরিখে সংশোধন/পরিমার্জন করার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বাজেট-২ শাখা থেকে পত্র পাওয়া গেছে। পত্রে, আওতাধীন দপ্তর/সংস্থার স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২৫-এর বিদ্যমান সূচকসমূহ পর্যালোচনাপূর্বক বাস্তবতার নিরিখে সংশোধন/পরিমার্জনের প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রেক্ষিতে এপিএ ২০২৪-২৫ এর সূচকসমূহ সংশোধন/পরিমার্জন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভার সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে বাংলাদেশ বেতারের বিদ্যমান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২৫-এর কার্যক্রম নম্বর ১.৭, ২.১, ২.২, ২.৩, ২.৫, ২.৬ ও ৩.২-এ উল্লেখিত কার্যক্রমসমূহ সংশোধন ও পরিমার্জন করে মন্ত্রিপরিষদ বিভাগের "কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা"-এর নির্ধারিত ছকানুযায়ী সংশোধন/ পরিমার্জনের প্রস্তাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য এপিএ কেন্দ্রীয় টিম সুপারিশ করে। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ও টিম লীডার, এপিএ কেন্দ্রীয় টিম, বাংলাদেশ বেতার<br>২। জনাব সায়েদ মোস্তফা কামাল, পরিচালক (অনুষ্ঠান), সদর দপ্তর ও টিম লিডার, এপিএ উপকমিটি (অনুষ্ঠান শাখা)<br>৩। জনাব তানিয়া নাজনীন, পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা ও টিম লিডার, এপিএ উপকমিটি (বার্তা শাখা)<br>৪। জনাব মুহম্মদ মাহবুব আলম স্টেশন প্রকৌশলী, পরিকল্পনা শাখা ও টিম লিডার, এপিএ উপকমিটি (প্রকৌশল শাখা)<br>৫। রোকসানা রহমান উপ পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ বেতার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | দপ্তরসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ বেতারের আওতাধীন ৬১টি দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ বাস্তবায়নের বার্ষিক প্রতিবেদন অনুযায়ী মূল্যায়ন সম্পন্ন করে মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের ৫টি কর্মপরিকল্পনার মূল্যায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিকট থেকে পাওয়া গেছে। | সভার সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে বাংলাদেশ বেতারের আওতাধীন ৬১টি দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ বাস্তবায়নের বার্ষিক প্রতিবেদন পর্যালোচনাপূর্বক বার্ষিক মূল্যায়ন সম্পন্ন করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে মূল্যায়ন প্রতিবেদন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এপিএ কেন্দ্রীয় টিম সুপারিশ করে। | ১। জনাব সায়েদ মোস্তফা কামাল পরিচালক (অনুষ্ঠান), সদর দপ্তর ও টিম লিডার, এপিএ উপকমিটি (অনুষ্ঠান শাখা)<br>২। জনাব তানিয়া নাজনীন, পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা ও টিম লিডার, এপিএ উপকমিটি (বার্তা শাখা)<br>৩। জনাব মুহম্মদ মাহবুব আলম স্টেশন প্রকৌশলী, পরিকল্পনা শাখা ও টিম লিডার, এপিএ উপকমিটি (প্রকৌশল শাখা)<br>৪। রোকসানা রহমান উপ পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ বেতার<br>৫। এপিএ টিম এর সকল সদস্য |
| ৩. | বাংলাদেশ বেতার এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫-এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ এর লক্ষ্যে তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার কার্যক্রম নম্বর ২.২ অনুযায়ী ১৫-১০-২০২৪ তারিখের মধ্যে প্রতিটি দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার বিষয়ে উল্লেখ রয়েছে। প্রেক্ষিতে, নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশ বেতার এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভার সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে আগামী ১৫-১০-২০২৪ তারিখের মধ্যে বাংলাদেশ বেতার এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার নিমিত্ত একটি কমিটি গঠন করার জন্য এপিএ কেন্দ্রীয় টিম সুপারিশ করে। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ও টিম লীডার, এপিএ কেন্দ্রীয় টিম, বাংলাদেশ বেতার<br>২। জনাব মো: ফখরুল করিম উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>৩।জনাব মুহাম্মদ মাসুদুর রহমান উপ বার্তা নিয়ন্ত্রক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন |
| ৪. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫-এর বাস্তবায়নের অগ্রগতির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/ ২০২৪) প্রতিবেদন প্রস্তুত | এপিএ ২০২৪-২৫ এর বাস্তবায়নের অগ্রগতির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/ ২০২৪)-এর বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করে ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিটসমূহের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/ ২০২৪)-এর কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত কার্যক্রমসমূহের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংশোধন/ পরিমার্জনের প্রস্তাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সংশোধিত কার্যক্রমসমূহের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে অবহিত করার নিমিত্ত বার্তা ও অনুষ্ঠান শাখার এপিএ উপকমিটিকে প্রয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এপিএ কেন্দ্রীয় টিম সুপারিশ করে। | ১। জনাব সায়েদ মোস্তফা কামাল, পরিচালক (অনুষ্ঠান) ও টিম লিডার, এপিএ উপকমিটি (অনুষ্ঠান শাখা)<br>২। জনাব তানিয়া নাজনীন পরিচালক (বার্তা) ও টিম লিডার, এপিএ উপকমিটি (বার্তা শাখা)<br>৩। জনাব মুহম্মদ মাহবুব আলম, স্টেশন প্রকৌশলী ও টিম লিডার, এপিএ উপ-কমিটি (প্রকৌশল শাখা)<br>৪। জনাব রোকসানা রহমান উপ-পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ বেতার |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

১৯-০৯-২০২৪
মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)

তারিখ: ৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৫.৫৩.০০০০.০১১.২০.০৩৬.২৪.২১১

অনুলিপি: সদয় অবগতি ও কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার;
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার;
৩। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব ), বাংলাদেশ বেতার;
৪। জনাব সায়েদ মোস্তফা কামাল, পরিচালক (অনুষ্ঠান) ও টিম লিডার, এপিএ উপ কমিটি (অনুষ্ঠান শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৫। জনাব তানিয়া নাজনীন, পরিচালক (বার্তা) ও টিম লিডার, এপিএ উপ কমিটি (বার্তা শাখা), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা;
৬। সিনিয়র প্রকৌশলী (দৈনন্দিন দায়িত্ব ), গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার (পত্রটি ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের ব্যবস্থা গ্রহণকল্পে);
৭। জনাব সৈয়দ জাহিদুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৮। জনাব মুহম্মদ মাহবুব আলম, স্টেশন প্রকৌশলী ও টিম লিডার, এপিএ উপ কমিটি (প্রকৌশল শাখা), পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার;
৯। জনাব এ এস এম মামুন, উপপরিচালক ও ফোকাল পয়েট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা;
১০। জনাব মো: ফখরুল করিম, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
১১। জনাব মো: জাকির হোসেন, উপবার্তা নিয়ন্ত্রক, প্রশাসন ও অর্থ বিভাগ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
১২। স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে);
১৩। জনাব মুহাম্মদ মাসুদুর রহমান, উপবার্তা নিয়ন্ত্রক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
১৪। জনাব শুভময় চন্দ, সহকারি পরিচালক (অনুষ্ঠান) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা এবং
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাজেট ও অডিট শাখা, বাংলাদেশ বেতার।

১৯-০৯-২০২৪
রোকসানা রহমান
উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বাংলাদেশ বেতার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১ম সভার উপস্থিতি তালিকা